**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 04-04-2026** **Desk in Charge : SDG**

**Time : - 7-35 AM** **Edit. & Compile.: DSS**

**DEO : - KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট গ্রহণ সুনিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব, পুলিশের মহা নির্দেশক, পুলিশ কমিশনার, জেলাশাসক ও পুলিশ সুপারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে। #রাজ্যের মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালাও আইনশৃঙ্খলা রক্ষায় সবরকম পদক্ষেপ নিতে জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দিয়েছেন।

২/ ভোট পরবর্তী আইনশৃঙ্খলা রক্ষায় গণনা সম্পন্ন হবার পরেও ৫০০ কোম্পানী কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী মোতায়েন থাকবে বলে কমিশন জানিয়েছে।

৩/ ভোটের দিনগুলিতে ভোটদাতাদের জন্য সবেতন ছুটির ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

৪/ জাতীয় তদন্তকারী সংস্থা NIA-র একটি দল, মালদার কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনার তদন্ত শুরু করেছে। #এই ঘটনায় ধৃত মোফাক্কারুলকে ১৪ দিন এবং একরামুলকে ৬ দিনের পুলিশ হেফাজত দিয়েছে আদালত।

৫/ পুরসভার নিয়োগ সংক্রান্ত দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, এবার রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু ও রথীন ঘোষকে তলব করেছে।

৬/ দমদম জংশনে নন ইন্টারলকিং-এর কাজের জন্য ট্রাফিক ব্লকের কারণে আজ বেশ কিছু ট্রেন বাতিল করা হয়েছে।

৭/ IPL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট,জামশেদপুর FC-র বিরুদ্ধে খেলবে।

*************************************************************************

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট গ্রহণ সুনিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব, পুলিশের মহা নির্দেশক, কলকাতার পুলিশ কমিশনার, বিভাগীয় কমিশনার, পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক, আই জি, কলকাতার নগরপাল, জেলাশাসক ও পুলিশ সুপারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে।
মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু ও ডক্টর বিবেক যোশী গতকাল তাঁদের সঙ্গে ভার্চুয়াল এক বৈঠকে এই নির্দেশ দেন। ভোটদাতারা যাতে ভয় ও হিংসামুক্ত পরিবেশে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারেন, সে ব্যাপারে স্পষ্ট বার্তা দিয়েছে কমিশন। ভোট গ্রহণের সময় কোনরকম হিংসা, ভয় দেখানো বা জোর করে ভোট দিতে না দেওয়ার মত কোন ঘটনা বরদাস্ত করা হবেনা বলেও তাঁরা উল্লেখ করেছেন। বুথ দখল অথবা বুথ জ্যামের মতো যেকোনরকম ঘটনা প্রতিরোধে রাজ্যগুলিকে উপযুক্ত ব্যাবস্থা গ্রহণের'ও নির্দেশ দিয়েছে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

***************************

রাজ্যের মুখ্যসচিব দুষ্মন্ত নারিয়ালা আইন-শৃঙ্খলা রক্ষার জন্য সবরকম পদক্ষেপ নিতে হবে বলে জেলাশাসক ও পুলিশ সুপারদের নির্দেশ দিয়েছে। তিনি গতকাল নবান্নে পুলিশ–প্রশাসনের শীর্ষকর্তাদের সঙ্গে এক ভার্চুয়াল বৈঠক করেন। এই বৈঠকে অ্যাপিলেট ট্রাইব্যুনালে জমা পড়া আবেদনগুলির প্রক্রিয়াকরণ নিয়েও আলোচনা হয়। অফলাইনে আবেদন জমা নেওয়া এবং আবেদনগুলিকে অনলাইনে আপলোড করার কাজ কীভাবে করা যায়, সেবিষয়ে জেলাশাসকরা একাধিক প্রস্তাব দেন। মুখ্যসচিব তাঁদের প্রস্তাবগুলি লিখিতভাবে পাঠাতে বলেন। সেগুলি দেখেই পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

মুখ্যসচিব নারিয়ালা, জেলাশাসক ও পুলিশ সুপারদের স্পষ্টভাবে জানিয়ে দেন, কোনওভাবেই জেলাগুলিতে যেন ভোটের আগে অশান্তি না ছড়ায়। তার জন্য গোয়েন্দাদের মাধ্যমে আরও তথ্য সংগ্রহ করতে হবে। কোথাও গোলমালের আশঙ্কা থাকলেই আগে থেকে মজবুত করতে হবে সুরক্ষা ব্যবস্থা। অশান্তি হলে তা দ্রুত থামানোর জন্যে ব্যবস্থা নিতে হবে।

***************************

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে ভোট পরবর্তী আইনশৃঙ্খলা রক্ষায় গণনা সম্পন্ন হওয়ার পরেও ৫০০ কোম্পানী কেন্দ্রীয় শসস্ত্র পুলিশ বাহিনী CAPF মোতায়েন থাকবে বলে জানিয়েছে। এছাড়াও EVM , স্ট্রংরুম ও গণনা কেন্দ্রের নিরাপত্তা ব্যবস্থায় আরও ২০০ কোম্পানী CAPF মোতায়েন রাখা হবে। রাজ্যে ভোট গণনা সম্পন্ন হওয়া পর্যন্ত তারা কাজ চালিয়ে যাবেন।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ২৩ ও ২৯ শে এপ্রিল দু'দফায় ভোট নেওয়া হবে।

***************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ, আসাম, কেরলম, পুদুচেরি, ও তামিলনাড়ুতে বিধানসভা ভোটের দিনগুলিতে ভোটদাতাদের জন্য সবেতন ছুটির ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে। কমিশন জানিয়েছে, কোনো ব্যবসা, বাণিজ্য, ও শিল্প প্রতিষ্ঠান অথবা অন্য যেকোনো সংস্থায় কর্মরত এবং ভোটদানের অধিকারী প্রত্যেক ব্যক্তিকে ভোটগ্রহণের দিন সবেতন ছুটি প্রদান করতে হবে। এই সবেতন ছুটির কারণে মজুরি থেকে কোনো অর্থ কেটে নেওয়া যাবে না। সেক্ষেত্রে প্রতিষ্ঠানের নিয়োগকর্তা এই নির্দেশ অমান্য করলে তিনি জরিমানার সম্মুখীন হবেন। কমিশনের তরফে জানানো হয়েছে দৈনিক মজুরি-ভিত্তিক এবং অস্থায়ী কর্মীরাও নির্বাচনের দিন সবেতন ছুটির অধিকারী হবেন।

উল্লেখ্য, যেসব ভোটার তাঁদের নিজস্ব নির্বাচনী এলাকার বাইরে কোনো শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত বা নিযুক্ত, কিন্তু যে নির্বাচনী এলাকায় ভোট গ্রহণ হতে চলেছে সেখানে ভোটার হিসেবে নিবন্ধিত - তাঁরাও এই সবেতন ছুটির সুবিধা পাওয়ার অধিকারী হবেন বলে জানিয়েছে কমিশন।

কমিশনের পক্ষ থেকে এই মর্মে নির্দেশিকা জারি করার জন্যেও সংশ্লিষ্ট রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল কে বলা হয়েছে।

***************************

নির্বাচনের আগে ভুয়ো খবর, প্রোপাগান্ডা বা বিধিভঙ্গ রুখতে নজরদারি ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে নির্বাচন কমিশন ভোটমুখী অন্যান্য একাধিক রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গেও ২৪ ঘণ্টার বিশেষ মিডিয়া মনিটরিং সেন্টার চালু করছে। এই মর্মে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি পাঠিয়েছে কমিশন।

**************************

নির্বাচন কমিশন বিধানসভা ভোটের আগে রাজ্যের বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তি ও রাজনৈতিক নেতাদের জন্য নিরাপত্তা পুনর্বিবেচনা করার নির্দেশ দিয়েছে। অপ্রয়োজনীয় ক্ষেত্রে তা প্রত্যাহারেরও নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, যাঁদের বিরুদ্ধে ফৌজদারি মামলা রয়েছে বা যাঁরা জামিনে বা প্যারোলে রয়েছেন, এমন ব্যক্তিদের নিরাপত্তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। একইসঙ্গে যাঁদের ক্ষেত্রে পদমর্যাদা বা প্রকৃত হুমকির ভিত্তিতে নিরাপত্তা প্রাপ্য নয়, তাঁদের ক্ষেত্রেও এই সুরক্ষা তুলে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। চিঠিতে আরও বলা হয়েছে, প্রতিটি বিধানসভা কেন্দ্র ও পুলিশ জেলার ভিত্তিতে বর্তমানে কারা নিরাপত্তা পাচ্ছেন, তাঁদের নাম ও পদবি সহ বিস্তারিত তালিকা দ্রুত পাঠাতে হবে। এই তথ্য কমিশনের কাছে জমা দেওয়ার সময়সীমাও বেঁধে দেওয়া হয়েছে।

**************************

জাতীয় তদন্তকারী সংস্থা NIA-র একটি দল, মালদার কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্থার ঘটনার তদন্ত শুরু করেছে।

NIA-র চল্লিশ জনের একটি দল গতকাল মোথাবাড়ি থানা পরিদর্শন করে। তারপর যায় বিডিও অফিসে। তবে তাদের মধ্যে কি নিয়ে কথাবার্তা হয়েছে, সেই সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। NIA-র DIG পি এইচ মহেশ নারায়ণ ওই দলে ছিলেন।

উল্লেখ্য, এই ঘটনায় নির্বাচন কমিশন সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী NIA-কে তদন্তের ভার দিয়েছে।

আগেই জানানো হয়েছে, ভোটাধিকার রক্ষার দাবীতে গত বুধবার মোথাবাড়িতে চরম উত্তেজনার সৃষ্টি হয়। তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটাররা সেখানে দিনভর পথ

অবরোধ করেন। তারপর অনেক রাত পর্যন্ত মোথাবাড়িতে কালিয়াচক দু নম্বর বিডিও অফিসে সাতজন বিচারবিভাগীয় আধিকারিককে আটকে রেখে তুমুল বিক্ষোভ দেখানো হয়। গভীর রাতে পুলিশ গিয়ে তাদের উদ্ধার করে। এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে রাজ্য রাজনীতি।

***************************

কালিয়াচকে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাও ও হেনস্তার ঘটনায় মূল প্ররোচনাকারী মোফাক্কারুল ইসলাম ও তার এক সঙ্গী, একরামুল বাগনী-কে CID গতকাল গ্রেফতার করে। তারা শিলিগুড়ির বাগডোগরা বিমানবন্দর দিয়ে পালানোর চেষ্টা করছিল। তাদের গতকাল আদালতে তোলা হলে মোফাক্কারুলকে ১৪ দিন এবং একরামুল বাগনী-কে ৬ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। এই ঘটনায় এখনও পর্যন্ত ১৯ টি মামলা রুজু এবং ৩৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে, বিজেপি, মোফাক্কারুলকে গ্রেপ্তারের ঘটনায় বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় বলেছেন, ধৃত মোফেক্কারুলের সঙ্গে তৃণমূল কংগ্রেসের কোনো যোগসাজশ আছে কিনা, তা খতিয়ে দেখা দরকার। ( বাইট- সুকান্ত মজুমদার)

দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য এই ঘটনার জন্য মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন। তাঁর দাবী, এরাজ্যে যা কিছু ঘটছে, সবই তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব, অনুমোদন ও অনুপ্রেরণায়। মুখ্যমন্ত্রী চাইলেই এই অবরোধ তুলে দিতে পারতেন।

দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার'ও অভিযোগ করেছেন, পশ্চিমবঙ্গকে বিচ্ছিন্ন করার চেষ্টা চলেছে। ( বাইট- দেবজিত )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ, বিজেপির বিরুদ্ধে পালটা অভিযোগ করেছে। নির্বাচন কমিশন'ও প্রকৃত ভোটদাতাদের সহায়তায় কোন ব্যবস্থা নিচ্ছে না বলেও তাঁর দাবী। (বাইট- কুণাল )

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মোফাক্কারুল-কে গ্রেপ্তার করে মুখ্যমন্ত্রী আসল অপরাধীদের আড়াল করার চেষ্টা করছেন। সুপ্রিম কোর্টের নির্দেশকে ইচ্ছানুযায়ী কেউ লঙ্ঘন করতে পারেনা।

( বাইট- অধীর)

***************************

মুর্শিদাবাদের বহরমপুরে ভোটারদের বাড়িতে গিয়ে বিজেপিকে ভোট না দেওয়ার হুমকি দেওয়ায় পুলিশ বহরমপুর পুরসভার ৮ নম্বর ওয়ার্ড সভাপতি রাজু মণ্ডলকে আটক করেছে।

উল্লেখ্য, গত পয়লা এপ্রিল তৃণমূল কংগ্রেসের প্রার্থীর সমর্থনে ভোট প্রচার করছিলেন তিনি। ভয় দেখানোর ওই ভিডিও ভাইরাল হতেই নির্বাচন কমিশন গতকাল তাকে আটক করার নির্দেশ দেয়।

***************************

পুরসভার নিয়োগ সংক্রান্ত দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, এবার রাজ্যের দুই মন্ত্রী সুজিত বসু ও রথীন ঘোষকে তলব করেছে।

দমকল মন্ত্রী, বিধাননগরের প্রার্থী সুজিত বসুকে ৬'তারিখ এবং খাদ্যমন্ত্রী, মধ্যমগ্রামের প্রার্থী রথীন ঘোষকে ৮'ই এপ্রিল হাজিরা দিতে বলা হয়েছে। এর আগে ইডি সুজিত বসুর স্ত্রী ও ছেলে মেয়েকেও জিজ্ঞাসাবাদ করে।

উল্লেখ্য, পুর নিয়োগ দুর্নীতিতে ২০২২-এ অয়ন শীলের বাড়িতে ইডির অভিযানের সময় বেশ কিছু নথিপিত্র বাজেয়াপ্ত করা হয়। রাজ্যের মোট ১৭ টি পুরসভায় বেআইনিভাবে বিভিন্ন পদে নিয়োগের অভিযোগ রয়েছে।

এদিকে, জমি সংক্রান্ত প্রতারণা কান্ডে, এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি গতকাল আবার রাসবিহারী বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস বিধায়ক দেবাশীষ কুমারকে তলব করে। তাকে সিজিও কমপ্লেক্সে পাঁচ ঘন্টা জিজ্ঞাসাবাদ জেরা করা হয়।

***************************

দমদম জংশন স্টেশনে নন-ইন্টারলকিং কাজের জন্য, আজ রাত ১১’টা ৫০ মিনিট থেকে আগামীকাল (রবিবার) ভোর ৪টে ২০ মিনিট পর্যন্ত ট্রাফিক ব্লকের কাজ চলবে।

এজন্য আজ ও আগামীকাল ও রবিবার, শিয়ালদা থেকে ডানকুনি, রাণাঘাট, নৈহাটি, বনগাঁ ও কৃষ্ণনগরের মধ্যে বেশ কিছু আপ ও ডাউন লোকাল ট্রেন বাতিল থাকবে।

বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হবে।

***************************

ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর FC-র বিরূদ্ধে খেলবে। জামশেদপুরে জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। মোহনবাগান ৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। জামশেদপুরে ৬ ম্যাচে পয়েন্ট ১৩ । তবে গোল পার্থক্যে তারা তৃতীয় স্থানে আছে। শীর্ষে আছে মুম্বাই সিটি এফ সি। তাদের ৬ ম্যাচে পয়েন্ট ১৪ ।

***************************

দক্ষিণবঙ্গে কলকাতা সহ বেশ কিছু জেলায় আজও গরম ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। **হলুদ সতর্কতা** রয়েছে হাওড়া পুরুলিয়া বাঁকুড়া পশ্চিম বর্ধমান পশ্চিম মেদিনীপুর বীরভূম কলকাতা উত্তর ২৪ পরগনা এবং হুগলি জেলায়।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক ছয় ডিগ্রি বেশি। কোথাও কোথাও স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*****************************************************************